R. N. No. 2532/57 | Phone No. 66-228 | Regd. No.—WB/MSD—4

অবজেকশন ফর্ম, রেশন কার্ডের ফর্ম, পি ট্যাক্সের এবং এম আর ডিলারদের যাবতীয় ফর্ম, ঘরভাড়া রসিদ, খোঁয়াড়ের রসিদ ছাড়াও বহু ধরনের ফরম এখানে পাবেন।

**দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন**

রঘুনাথগঞ্জ :: ফোন নং-৬৬-২২৮

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত **শরৎচন্দ্র পণ্ডিত** ( দাদাঠাকুর )

**এপিকের** গো-খাদ্য
**সুপার হিমুলদানা**
এবং মুরগী, মাছের খাদ্য বিক্রেতা
পুরুষোত্তম খাদ্য ভাণ্ডার
( ওয়েষ্ট বেঙ্গল ডেয়ারী পোলট্রি ডেভেলপমেন্ট করপোরেশন লিঃ অনুমোদিত )
মিঞাপুর কালী মন্দিরের সম্মুখে
পোঃ ঘোড়শালা ( মুর্শিদাবাদ )

৮১শ বর্ষ
২৮ ২৭শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৮ই আশ্বিন বুধবার, ১৪০১ সাল।
৫ই অক্টোবর, ১৯৯৪ সাল।

নগদ মূল্য : ৫০ পয়সা
বার্ষিক ২৫ টাকা

## শিক্ষাকে অর্থপূর্ণ করতে হলে বিজ্ঞানমনস্কতা গড়ে তুলতে হবে—রাজ্যপাল

সৌমিত্র সিংহ রায়, ফরাক্কা : "শিক্ষাকে অর্থপূর্ণ করতে হলে বিজ্ঞানমনস্কতা দরকার। আমাদের বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, শিক্ষাবিদদের সামনে চ্যালেঞ্জ রয়ে গেছে দারিদ্র-দূরীকরণ, নিরক্ষরতা দূর করার সঙ্কল্প নিয়ে দেশকে অর্থনৈতিক সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যাবার লক্ষে।" পঃ বঙ্গের রাজ্যপাল কে ভি রঘুনাথ রেড্ডি ফরাক্কায় নবনির্মিত সৈয়দ নূরুল হাসান কলেজের উদ্বোধন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে এ'কথা বলেন গত ৩ অক্টোঃ বিকালে। ফরাক্কা ব্যারেজের ৩০ বিঘা জমিতে স্থানীয় জনসাধারণের ১৮ লক্ষ টাকা দানে এবং স্থানীয় বিধায়ক আবুল হাসনাৎ খানের চেষ্টায় ডিগ্রী কলেজটি মাত্র ৯ মাসের মধ্যে

## প্রবেশনাল এস আই মুস্তাফির বিরুদ্ধে টাকা ছিনতাই-এর অভিযোগ

বিশেষ সংবাদদাতা : সম্মতিনগরের জনৈক রাজমিস্ত্রী সাইমুদ্দিন সেখ জঙ্গিপুরের এস ডি পি ও-র কাছে এক লিখিত অভিযোগে জানান যে, গত ১৪ সেপ্টেঃ মিঞাপুরের কাছে রঘুনাথগঞ্জ থানার প্রবেশনাল এস আই পবিত্র মিত্র মুস্তাফি তাঁকে পুলিশের জীপে জোর করে তুলে ড্রাইভার প্রণব মিত্রের সাহায্যে তাঁর কাছ থেকে পাঁচ হাজার ন'শো টাকা ছিনিয়ে তাঁকে কিছুটা দূরে নিয়ে গিয়ে গাড়ী থেকে নামিয়ে দিয়ে চলে যান। সাইমুদ্দিন আরও বলেন, তাঁকে এই খবর প্রকাশ না করার হুমকিও দেওয়া হয়। খবর, ঘটনার দিন সাগরদীঘি থানার কাবিলপুরে এক হত্যার তদন্তে এস ডি পি ও দিলীপ আদক রঘুনাথগঞ্জ থানার প্রবেশনাল এস আই পবিত্র মিত্র মুস্তাফিকে নিয়ে থানার জীপে ( ডাব্লু এন এফ ৪৭৪৬ ) কাবিলপুরে যান। সেখানে তাঁর কাজ শেষ না হওয়ায় তিনি হল্ট করতে বাধ্য হন এবং এস আইকে জীপ নিয়ে থানায় ফিরে যেতে বলেন। অভিযোগকারী এস পি-কেও অভিযোগের কপি পাঠিয়েছেন বলে জানা যায়। এসডিপিও রঘুনাথগঞ্জের সি আই-কে এ সমবন্ধে অনুসন্ধান করার আদেশ দিয়েছেন।

তৈরী হয়েছে এবং অনুমোদন পেয়েছে। প্রাক্তন রাজ্যপাল অধ্যাপক সৈয়দ নূরুল হাসানের নামাঙ্কিত এই কলেজটি ফরাক্কার আশেপাশের গ্রামাঞ্চলের গরীব ছাত্র-ছাত্রীদের দীর্ঘদিনের উচ্চ শিক্ষার আকাঙ্খার সাধ পূরণ করবে। রাজ্যপাল মঞ্চ থেকেই ইলেকট্রনিক বোতাম টিপে কলেজ ভবনের দ্বারোদ্‌ঘাটন করলেন। রাজ্যপালের ইংরাজী লিখিত ভাষণ বাংলায় অনুবাদ করে দিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের মহা পরিদর্শক। রাজ্যপাল ভবন নির্মাণে ১০ হাজার টাকা দান করেন। মুর্শিদাবাদের জেলা শাসক সঞ্জীব চোপড়া কলেজ ভবনের রেপ্লিকা তুলে দিলেন রাজ্যপালের হাতে। অনুষ্ঠানের বিশেষ অতিথি রাজ্যের উচ্চ শিক্ষা মন্ত্রী সত্যসাধন চক্রবর্ত্তী বলেন, 'আমরা এ বছর শিক্ষায় ব্যয় করছি ২১০০ কোটি টাকা। বাজেটের ২৭% শিক্ষাখাতে ব্যয় হয়েছে। আমরা নূতন স্কুল-কলেজগুলি কলকাতায় কিংবা জেলাশহরে করিনি। স্কুল-কলেজ করেছি মহকুমা শহরে, গ্রামে, ( শেষ পৃষ্ঠায় )

## জনস্বাস্থ্য উপেক্ষিত কোন স্বাস্থ্য পরিদর্শক নাই

সাগরদীঘি : স্থানীয় জনস্বাস্থ্য বিভাগের স্বাস্থ্য পরিদর্শক রণজিৎ সরকার প্রায় তিন মাস পূর্বে কর্তব্যরত অবস্থায় মারা যাওয়ার পর আজ পর্যন্ত ঐ পদে এখানে কেউ যোগ দেননি বলে খবর। স্যানিটারী ইন্সপেক্টরের অভাবে বর্তমানে এখানে স্বাস্থ্য বিভাগের অস্তিত্বই বোঝা যায় না। দূষণ রোধ, মহামারি রোধের ব্যবস্থা এবং জন্ম-মৃত্যু নিবন্ধীকরণের মত জরুরী কাজও বন্ধ রয়েছে বলে স্থানীয় জনগণ অভিযোগ করেন।

## বিবাহিতা তরুণীর খুনের অপরাধে একজন গ্রেপ্তার

নিজস্ব সংবাদদাতা : সম্প্রতি জঙ্গিপুর এনায়েতনগর খোট্টাপাড়া গঙ্গার ঘাটে পড়ে থাকা এক বিবাহিতা তরুণীর মৃতদেহকে কেন্দ্র করে পুলিশ গত ৩০ সেপ্টেঃ জঙ্গিপুর মিদ্ধাপাড়ার সাজেমাল সেখকে তার রঘুনাথগঞ্জ ফুলতলার রেডিমেড পোষাকের দোকান থেকে গ্রেপ্তার করে। সাজেমাল পুলিশের কাছে স্বীকার করে যে, সে এবং তার এক বন্ধু মেয়েটিকে বিহার থেকে নিয়ে এসে তার উপর শারীরিক অত্যাচার চালায় এবং পরে তাকে খুন করে। সাজেমালদের এই চক্র বাইরে থেকে মেয়ে এনে পাচারও করতো বলে জানা যায়। জিজ্ঞাসাবাদের উদ্দেশ্যে পুলিশ কোর্ট থেকে পাঁচ দিনের জন্য সাজেমালকে থানা হাজতে নিয়ে এসেছে। এ ব্যাপারে আর কেও গ্রেপ্তার হয়নি।

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৮ই আশ্বিন বুধবার, ১৪০১ সাল।

## মা আসিতেছেন



দাদাঠাকুর লিখিয়াছিলেন যেদিন চণ্ডীমণ্ডপে ভাস্কর, প্রতিমা নির্মাণের জন্য মৃত্তিকাদি সংগ্রহ করিতে লাগিল তখনই বুঝিলাম মা আসিতেছেন। তারপর যেদিন ভরা ভাদরে কাঙ্গালের ক্ষীণ ভরসাস্থল ভাদুই ধান্য অপক্ক অবস্থায় গঙ্গালাভ করিল তখনি বুঝিলাম মায়ের আগমনের সময় হইয়াছে। আমরাও সেইরূপ যখনই দেখিলাম ঘাটে অঘাটে রাস্তার মোড়ে বাঁশের প্যাণ্ডেল বাঁধার তোড়জোড় চলিতেছে, চাঁদার রসিদ হস্তে তরুণের দল বাড়ীতে বাড়ীতে হানা দিতেছেন, ব্যবসায়ী সিনেমার তারকা মার্কা ধুতি, শাড়ী, প্রভৃতি নূতন বস্ত্রে নূতন দামের ছাপ লাগাইয়া সমারোহের সৃষ্টি করিতেছেন, বাজারে নিত্য প্রয়োজনীয় জিনিসের দর ঊর্ধমুখী হইতেছে, কারখানার শ্রমিকেরা দলবদ্ধভাবে ঘন ঘন মিছিল মিটিং করিতেছেন, সরকারী কর্মচারীরা বোনাস ঘোষণা শুনিবার জন্য আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বুলেটিনে আগ্রহ সহকারে ঘন ঘন কর্ণপাত করিতেছেন, তখনই বুঝিলাম মা মহামায়া আসিতেছেন।

মা এবার আসিতেছেন ঘোটকে। ঘোটকে না আসিয়া উপায়ও নাই। অনাবৃষ্টিতে মায়ের আসার পথ ধূলি ধূসরিত, শুষ্ক। অন্য যান চলাচলের অযোগ্য। নদীর জল শুষ্ক। নৌকায় আসিবার কোন উপায় নাই। দোলায় আসিবার পন্থাও নাই কেন না বাহকেরা উদরান্নের সন্ধানে দেশের অন্যত্র গমন করিতে বাধ্য হইয়াছেন। গজে আসিবেন তাহাও সম্ভব নহে, হাতির খোরাক যোগাইবে কে? তাই ঘোটকই সম্বল। কিন্তু ফলং 'ছত্রভঙ্গ তুরঙ্গমে'। ফলশ্রুতি হিসাবে, সুরাতের প্লেগ মহামারী উড়িয়া আসিয়া এই বঙ্গে জুড়িয়া বসিল। শত মাইল দূরত্বের আতঙ্ক ঘরের কোণে ছড়াইয়া পড়িল। বর্ষা নাই, আকাশে

বৃষ্টি নাই, তবুও পদ্মা গঙ্গায় কোথা হইতে আসিয়া উপস্থিত হইল জলতরঙ্গ। শুরু হইল ভাঙ্গন। মুর্শিদাবাদ প্লাবিত হইল। জলঙ্গীর মানুষ গৃহহারা, বাস্তুচ্যুত হইয়া কাঙ্গাল হইল। আবার অকস্মাৎ মহালয়ার পর হইতে শুষ্ক বর্ষণহীন আকাশ মেঘের আবরণে ঢাকিয়া আরম্ভ হইল ঘন বর্ষণ। অর্দ্ধ সমাপ্ত পুজামণ্ডপ, অর্দ্ধ সমাপ্ত দেবী প্রতিমা, বাধা—ব্যবসা-বাণিজ্যে, আনন্দের রসদ সংগ্রহে। তবুও আমরা বাঙ্গালীরা মায়ের আগমনের প্রাক মুহূর্তে নিরানন্দ না হইয়া দুর্গতি নাশিনীর চরণ কমলে আত্ম নিবেদনে প্রস্তুত হইতেছি। প্লেগাতঙ্ক, বন্যাতঙ্ক, দারিদ্র্য, দুঃখ-জ্বালা সমস্ত কিছুই অগ্রাহ্য করিয়া চিরাচরিত কয়েকটি দিনের জন্য দেবী দুর্গাকে আহ্বান জানাইতে ঘরে ঘরে প্রস্তুত হইতেছি। দুঃখ জ্বালার মধ্যেও মায়ের মঙ্গলময় মূর্তি প্রত্যক্ষ করিয়া হৃদয় উদ্ঘাটিত করিয়া মাতৃচরণে প্রণাম নিবেদন করিয়া বলি—

সর্বমঙ্গলা মঙ্গল্যে শিবে সর্বার্থ সাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরী নারায়ণী নমোস্তুতে॥

## প্রত্যাশা

### মুক্তা ঘোষাল

গতানুগতিকভাবে বছরের চাকাটা ঘুরতে না ঘুরতেই আবার বাঙালীর ঘরে ঘরে বারো মাসে তের পার্বণের মধ্যে শ্রেষ্ঠ পার্বণ তথা দুর্গো-পুজোর ঢাকে কাঠি পড়তে শুরু করেছে। দোকানে দোকানে বিভিন্ন বয়সের ক্রেতাদের উপ-চেপড়া ভীড়। নিঃসন্দেহে বাঙালীর মহোৎসব এটা। তবে এবার পুজোকে আকর্ষণীয় করে তুলতে যতই আধুনিকতার বহ্বাড়ম্বরে 'তসলিমা শাড়ী' বা 'সুস্মিতা শাড়ী'-র নাম দিক না বা পুজোমণ্ডপ যতই আলোকসজ্জায় সুসজ্জিত করে তুলুক না কেন 'পুজো-পাগল' বাঙালী আজ নিষ্প্রাণ, ম্রিয়মান, সামাজিক জীবনে অর্থ-নৈতিক যাঁতাকলে। চিরাচরিত পুজোর আয়োজন সম্পুর্ণ করার বা তাকে সার্থক রূপ দেবার আপ্রাণ প্রচেষ্টা থাকলেও থমকে যেতে হয়েছে এবার পুজোয় বহু জায়গায় পারি-পার্শ্বিকতার চাপে। এই দুর্গোৎসবের আগে ফি বছর বন্যায় পীড়িত আমরা বাঙালী যেন অভ্যস্ত। তার সঙ্গে আছে বাজারের নিত্য-নৈমিত্তিক জিনিসপত্রের অগ্নিমূল্য নাভিশ্বাস অবস্থা। এই তো সেদিন আমাদের পাড়ার সুমিতা বৌদিকে বলতে শুনলাম 'জানো ভাই, পুজোর বাজেট এবার অনেক সংক্ষেপ করছি উপায় নেই, বাজারের যা অবস্থা।' আজকে বাঙালীদের ধ্যান ধারণা চিন্তার ও স্বচ্ছ মানসিকতার একান্ত অভাব দেখা দিয়েছে।

চারিদিক থেকে পর্যুদস্ত বাঙালীদের এবার পুজোতে তার কোনো ছাপ পড়বে কি? সাপ্তাহিক বর্তমান পত্রিকায় প্রকাশিত প্রচ্ছদ দেখলাম এবার কলেজ স্কোয়ারের দুর্গা পুজোর বাজেট ১২ লাখ টাকা। শিয়ালদা রেলওয়ে অ্যাথলিট্ ক্লাবের বাজেট ১০ লাখ ছাপিয়ে যাবে—ইত্যাদি ইত্যাদি। মুখ্য জিনিসকে বাদ দিয়ে গৌণ বস্তুটার প্রতি আসক্তিই বাঙালীর প্রাচীনকালের পুজোর স্বর্গীয় স্বাদের দিকটায় দিন দিন যবনিকা ফেলছে। এবারও পুজোতে সেই প্যাণ্ডেলে প্যাণ্ডেলে চোখ ধাঁধানো আলোর রোশনাই; মাইকে তারস্বরে সারারাত ধরে গগনভেদী হিন্দি ক্যাসেটের চিৎকার। আর অন্য ধারে দেবী প্রতিমাকে বিভিন্ন চিত্র তারকার সাজে সাজিয়ে দর্শকদের সামনে হাজির করানোর বাহাদুরী নেবার প্রতিযোগিতা। এর কোন ব্যতিক্রম ঘটবে কি? দেবীর আরাধনা বা পুজা অর্চনাটাও যেন গতানুগতিকতার মধ্যে এসে গেছে। ভক্তিবাদ আজ যেন পুরোপুরি প্রচার বাদে পৌঁছেছে। বিভিন্ন রং ও ঢং-এর কিম্ভূত-কিমাকার পোশাকেই বাঙালীর উৎসবের আভিজাত্য যেন চুঁইয়ে পড়ছে আজ পুজোতে।

এবার পুজোতেও নিশ্চিত করে খুঁজে পাওয়া যাবে না পুজোর প্রকৃত অর্থ বা উদ্দেশ্য অর্থাৎ সবার সাথে হার্দিক মিলন বা আন্তরিক যোগাযোগ। সেটা আজ কোথায় কোন্ ফুৎকারে যেন হারিয়ে গেছে। কেন এমন হল ভাবতে দুঃখ লাগে। তবে এবারও পুজোতে দেখা যাবে বিবর্ণ, শুষ্ক একরাশ কালি মুখে প্যাণ্ডেলে, প্যাণ্ডেলে শূন্য নয়নে জীর্ণ বসনে অপর্য্যাপ্ত বিলাস বৈভবের দিকে চেয়ে থাকা অসংখ্য হতদরিদ্র মানুষের পুরনো মুখগুলো। এত সত্ত্বেও দূর্গতিনাশিনীর কাছে আগমনের পূর্বে কায়মনবাক্যে সমবেত প্রার্থনা হোক—আমাদের বাঙালীর জীবনের দূর্গতির বিনাশ ঘটুক। অতিসত্বর, আর সকলের জন্য আসুক সর্বাঙ্গীণ কুশল সংবাদ। এবার পুজোয় এই হউক একমাত্র প্রার্থনা ও আমাদের প্রত্যাশা।

### নতুন বাড়ী বিক্রয়

পৌনে তিন কাঠা জমির উপরে—পিছনে প্রায় এক কাঠা ফাঁকা জমি—নতুন দোতলা বাড়ী। একতলা স্বয়ংসম্পূর্ণ এবং দোতলা প্রায় সম্পূর্ণ সদরঘাট সদর রাস্তার উপরে—উপর ও নীচ মিলিয়ে মোট পাঁচটি ঘর। রান্না ঘর ও বাথরুম পায়খানা। যদি কোনও হিন্দু ক্রেতা ক্রয় করতে ইচ্ছুক থাকেন, তবে নীচের ঠিকানায় যোগাযোগ করুন:

T. K. Sinha Roy,
Qr. No. C/8 , PTS, Deeptinagar
P. O. Kahalgaon, Dt. Bhagalpur
(Bihar)

১০ই অক্টোবর হ'তে ১৫ই অক্টোবরের মধ্যে রঘুনাথগঞ্জে বাড়ীতেই যোগাযোগ করতে পারেন।

### জাতির পিতার জন্মদিনে আদিবাসী ফুটবল প্রতিযোগিতা

রঘুনাথগঞ্জ ঃ গত ২ অক্টোবর জাতির পিতা মহাত্মা গান্ধীর ১২৫তম জন্মবার্ষিকী উদযাপনের অঙ্গ হিসাবে মির্জাপুর নবভারত স্পোর্টিং ক্লাবের পরিচালনায় আদিবাসীদের মধ্যে একদিনের নকআউট ফুটবল প্রতিযোগিতা হয়। ১৬টি আদিবাসী দল খেলায় অংশ নেয়। মনিগ্রাম ষ্টেশন এবেন গাঁওতা ক্লাব ও টসপাড়া এ বি ইউথ ক্লাব যথাক্রমে বিজয়ী ও বিজিত হিসাবে ভোলানাথ স্মৃতি শীল্ড ও গৌরচন্দ্র স্মৃতি শীল্ড লাভ করে। সুশীল বেসরা ম্যান অব দ্য ম্যাচ হন। পুরস্কার বিতরণ করেন মির্জাপুর গ্রাম পঞ্চায়েত প্রধান বদর সেখ।


### একদিনের নকআউট ফুটবল প্রতিযোগিতা

রঘনাথগঞ্জ ঃ গত ২৮ সেপ্টেম্বর নেহরু যুব কেন্দ্র, মুর্শিদাবাদ কর্ত্তৃক রঘুনাথগঞ্জ ১নং ব্লক পর্যায়ে একদিনের নকআউট ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় কানুপুর ফ্রী প্রাইমারী স্কুল ময়দানে। কানুপুর নবজাগরণ ক্লাব এই খেলা পরিচালনা করেন। ১৩টি ক্লাবের মধ্যে খিদিরপুর মিতালী সংঘ বিজয়ী ও পশ্চিম চড়কা ইয়ং ষ্টার বিজিতের সম্মান পায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কানুপুর ফ্রী প্রাইমারী স্কুলের প্রধান শিক্ষক, নেহরু যুব কেন্দ্রের জেলা সংযোজক প্রদীপ সাহা, রঘুনাথগঞ্জ ১নং ব্লকের যুব আধিকারিক মধুসূদন সরকার, রঘুনাথগঞ্জ ১নং ব্লকের নেহরু যুব কেন্দ্রের স্বেচ্ছাসেবী অমলকুমার হালদার।

---

**Simac Knitter DX—2000** উলবোনা মেশিন চালু অবস্থায় বিক্রয় আছে। যোগাযোগ করুন—

বিজয়কুমার জৈন (পিঙ্কু)
সম্মতিনগর (পুরাতন বাজার) মুর্শিদাবাদ



## প্রথম বর্ষের ক্লাস প্রথম দিনই ফাঁকা গেল

নিজস্ব সংবাদদাতা ঃ জঙ্গিপুর কলেজে ৫ অক্টোবর থেকে প্রথম বর্ষের ক্লাস শুরু হলেও কলা বিভাগের কোন ক্লাসই সেদিন হয়নি। ছাত্রছাত্রীরা বেলা একটা পর্যন্ত অপেক্ষা করে হতাশ হয়ে বাড়ী ফিরে আসেন। অধ্যাপকরা নিজেদের খেয়ালখুশিমত রুটিন পরিবর্তন করায় বা কলেজে হাজিরা না দেওয়ায় এই বিপত্তি বলে জানা যায়।

## বি জ্ঞ প্তি

### গৌড় গ্রামীণ ব্যাঙ্ক, বাড়ালা শাখা

এতদ্দ্বারা গৌড় গ্রামীণ ব্যাংক, বাড়ালা শাখার সমস্ত মিনি ডিপোজিট ( MD-SS ) আমানতকারী ও সংশ্লিষ্ট ব্যক্তিগণকে জানানো যাইতেছে যে, আগামী ৩০/১০/৯৪ তারিখের পর শ্রীদেবব্রত সেন, পিতা ৺সুনীল সেন, সাং রঘুনাথগঞ্জ ( রামমোহন পল্লী ) আমানতকারীগণের নিকট থেকে কোন টাকা ব্যাঙ্কে জমা দিবার জন্য গ্রহণ করিতে পারিবেন না। সুতরাং উক্ত তারিখ পর্যন্ত যে বা যাহারা শ্রীসেনের নিকট টাকা জমা দিবেন তাহারা আগামী ৪/১১/৯৪ থেকে ১১/১১/৯৪ এর মধ্যে নিজেরা ব্যাঙ্কে আসিয়া তাহাদের চালু অ্যাকাউন্টের পাশবই ও কুপন মিলাইয়া লইবেন। কুপন ও পাশবই অবশ্যই সঙ্গে আনিবেন।

অন্যথায় যারা ৩০/১০/৯৪ তারিখের পর শ্রীসেন এর নিকট টাকা জমা দিবেন বা ৪/১১/৯৪ থেকে ১১/১১/৯৪ তারিখের মধ্যে পাশবই ও কুপন সহ ব্যাঙ্কে আসিয়া তাদের পাশবই পরীক্ষা না করিয়া লইবেন আগামী ১১/১১/৯৪ তারিখের পর তাদের কোনরূপ অভিযোগ ব্যাঙ্কে গ্রাহ্য হইবে না। ব্যাঙ্কের হিসাবই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

তাং
১/১০/৯৪
বাড়ালা, মুর্শিদাবাদ

স্বাঃ ***তেনুলাল দাস***
শাখা প্রবন্ধক
গৌড় গ্রামীণ ব্যাংক
বাড়ালা শাখা


## হক ফার্ম্মেসী

রঘুনাথগঞ্জ ( গাড়ীঘাট ) মুর্শিদাবাদ

( বৃহস্পতিবার বন্ধ )

***নিম্নলিখিত বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা চিকিৎসার ব্যবস্থা আছে।***

১। জেনারেল সার্জেন।
২। স্নায়ু ও মানসিক রোগ বিশেষজ্ঞ।
৩। নাক, কান ও গলা বিশেষজ্ঞ।
৪। দাঁত ও মুখ রোগ বিশেষজ্ঞ।
৫। প্রসূতি ও স্ত্রী রোগ বিশেষজ্ঞ।
৬। শিশু রোগ বিশেষজ্ঞ।
৭। চক্ষু রোগ বিশেষজ্ঞ।
৮। চর্ম, যৌন ও কুষ্ঠ রোগ বিশেষজ্ঞ।

বিঃ দ্রঃ—এছাড়া অন্যান্য বিশেষজ্ঞ চিকিৎসকের তালিকা পরে জানানো হবে।


রঘুনাথগঞ্জ ( পিন— ৭৪২২২৫ ) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


***শারদীয় জঙ্গিপুর সংবাদ***

***নিজস্ব বৈশিষ্ট্য নিয়ে প্রকাশিত হলো।***

দাম ঃ পনর টাকা


**গড়ে তুলতে হবে—রাজ্যপাল** ( ১ম পৃষ্ঠার পর )

মফস্বল শহরে। কারণ সমাজে যাঁরা এতদিন দিয়েছে, পায়নি কিছুই আমরা চেষ্টা করেছি গরীব ঘরের ছেলেমেয়েদের কাছে শিক্ষার সুযোগ পেঁৗছে দিতে। কিন্তু দুঃখের বিষয় কেন্দ্রীয় সরকারের নীতি নির্দ্ধারণ যাঁরা করছেন তাঁরা বাজেটে শিক্ষার ব্যয় কমিয়ে দিচ্ছেন। মেঘলা আবহাওয়ার মধ্যেও অনুষ্ঠানে প্রচুর মানুষের উৎসাহ এবং উপস্থিতিতে উচ্চ শিক্ষামন্ত্রী অভিভূত হয়ে পড়েন। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি বিধায়ক আবুল হাসনাৎ খাঁন, কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রথীন্দ্রনারায়ণ বসু। জেলা শাসক সঞ্জীব চোপড়া ধন্যবাদ জানালেন। বিশিষ্ট অতিথিদের মধ্যে মঞ্চে উপস্থিত ছিলেন চলচ্চিত্র শিল্পী এবং বিধায়ক অনিল চট্টোপাধ্যায়, সাংসদ জয়নাল আবেদিন। রাজ্যপাল সেদিন ফরাক্কা সুপার থার্মাল পাওয়ার প্রজেক্টও পরিদর্শন করেন।

## NOTIFICATION

1. STD facility at Farakka Barrage Exch. has been provided w. e. f. 27. 9. 94.
2. National Code No. of Farakka Barrage Exch. is 03485 and its numbering scheme starts from 53200 and onwards.

**P. K. SIKDER**
Telecom District Engineer,
Berhampore Telecom Dist.
Berhampore ( W. B. )


## বাঘিড়া ননী এণ্ড সন্স

***মির্জাপুর ॥ গনকর***

ফোন নং ঃ গনকর ২২৯



*আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানি জোড়, পাঞ্জাবির কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।*
*উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।*